সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত ইমরুল কায়েসের বাবা

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওপেনার ইমরুল কায়েসের বাবা বানি আমিন বিশ্বাস (৬০) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেছেন চিকিৎসক। তার একটি পা ভেঙে গেছে ও কানে আঘাত পেয়েছেন বলে জানায় চিকিৎসকরা।

সোমবার (২৩ মার্চ) বেলা ১০ টার দিকে মেহেরপুর-কাথুলি সড়কের ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, বানি আমিন বিশ্বাস (৬০) মেহেরপুর সদর উপজেলার উজ্জলপুর গ্রামের নিজ বাড়ি থেকে মেহেরপুর আসার পথে ছহিউদ্দিন ডিগ্রি কলেজের পাশে একটি আলমসাধুর সাথে ধাক্কায় আহত হন।

এতে বানি আমিন বিশ্বাস গুরুতর আহত হলে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনায় তার একটি পা ভেঙে যাওয়া সহ কানে আঘাত পেয়েছেন। উন্নত চিকিৎসার জন্য তাকে মেহেরপুর থেকে রেফার্ড করা হয়েছে।

মেপ্র/ইএম

মেহেরপুরের আমঝুপিতে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সোমবার সকাল ১১টার দিকে আমঝুপি পরিষধের নিজস্ব হল রুমে চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত

হয়। সভা শেষে করোনা ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন কমিটি গঠন করা হয়। সভায় ইউনিয়ন পরিষদের উদ্যোগে মাইকিং, লিফলেট বিতরন ও পোষ্টারিং করা সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া রাত ৮.০০ ঘটিকা থেকে সকল দোকান বন্ধ করা। একের অধিক মানুষ এক সাথে না থাকা। দ্রব্য মুল্যের দাম বৃদ্ধি না করা। বিদেশ থেকে কোন মানুষ আসলে সঙ্গে সঙ্গে সরকারি উর্ধ্বতন কর্মকর্তাকে বা ইউনিয়ন পরিষদকে তাৎক্ষনিক জানানো।

কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, বীর মুক্তিযোদ্ধা আমঝুপি ইউনিয়ন পরিষদের সভাপতি মতিউর রহমান, ৮ নং ওয়ার্ডের মেম্বর আবুল কাশেম, ৯ নং ওয়ার্ডের মেম্বর মশিউর রহমান ডাবলু, ৬ নং ওয়ার্ডের মেম্বর আমিনদ্দীন, ৫ নং ওয়াার্ডের মেম্বর আলেকচাঁদ মল্লিক, ১ নং ওয়ার্ডের মেম্বর আনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের মেম্বর আক্তার হোসেন, মহিলা মেম্বর বুলবুলি খাতুন, মহিলা মেম্বর কুসুম, সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদ হোসেন রুমি, আমঝুপি বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতানা পারভিন, প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, খলিলুর রহমান, সাংবাদিক মো: শহিদুল ইসলাম, সাংবাদিক, আকতারুজ্জামান প্রমুখ।

এছাড়া ইউনিয়ন পরিষদের সামনে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়।

মুজিবনগরে মাইকিং করে কাপড় বিক্রির হিরিকঃ জরিমানা

বাংলাদেশ সহ সারা দেশে যেখানে করোনা আতংকে জর্জরিত। সরকারের পক্ষ থেকে বার বার করে জনসমাগম করতে নিষেধ করা হচ্ছে। সেখানে মাইকিং করে স্বল্প দামে কাপড় বিক্রি করার ঘোষনা দিয়ে দোকানের ভিতর জনসমাগম করে ব্যাবসা করায় মাষ্টার বস্ত্রবিতানকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্মমান আদালত।

সোমবার সকাল সাড়ে দশটার দিকে কেদারগন্জ বাজারে মাষ্টার বস্ত্রবিতানের মালিক ফয়েজ উদ্দীনের কাছে এ জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্মমান আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্মমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনি।

তিনি জানান, এক সাথে কয়েকজন জনগম সমাগম করলে সেখান থেকে করোনা নামের এ ভাইরাসটি মানুষের ভিতর ছরিয়ে যাবার আশংখা রয়েছে।সে ক্ষেত্রে সকল জনগনকে কয়েকজন সদস্য মিলে এক জায়গায় সমাগম করতে বার বার নিষেধ করা হয়েছে।

আর সেই আদেশ অমান্য করে মাষ্টার বস্ত্রবিতান মাইকিং করে কম মূল্যে পোশাখ বিক্রির ঘোষনা দিয়ে দোকানের ভিতর একসাথে প্রায় শত জন মহিলাদের একজায়গায় করে পোশাখ বিক্রি করছে। সকালে একবার নিষেধ করে আসার পরও তার কাজ অব্যাহত রাখে।

গোপন সূত্রে এমন ঘটনা যানতে পেরে সেখানে যেয়ে মোবাইল কোর্ট বসানো হয়।

পরে জনসমাগম কমিয়ে আনতে তার কাছ থেকে ১০হাজার টাকা জরিমানা করা হয়। এবং পরবর্তিতে যদি কেউ করোনা আতংক থাকা প্রযন্ত এরকম লোকসমাগম করে ব্যাবসা করে তাহলে আরও কঠিন ব্যাবস্থা গ্রহন করা হবে বলে তিনি জানান।

গাংনীতে উপজেলা প্রশাসনের অভিযানে দু ব্যবসায়ীর অর্থদন্ড

মেহেরপুরর গাংনীতে বাজারমুল্য নিয়ন্ত্রণে রাখতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে গাংনী উপজেলা প্রশাসন। চাউলের মুল্যবৃদ্ধি, মেয়াদউত্তীর্ণ খাবার সংরক্ষণ করার অপরাধে রবিবার বিকালে ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন।

অভিযানে উপজেলার হেমায়েতপুর বাজারে চাল ব্যাবসায়ীসহ দু’টি দোকান মলিককে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা করে অর্থদন্ড দেয়া হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার

দিলারা রহমান এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতের আইনে দন্ডিতরা হলো- হেমায়েতপুর বাজারের টিটু স্টোরের মালিক চাউল ব্যাবসায়ী রাজিবুল হক এবং ভাই ভাই স্টোরের মালিক হামিদুল ইসলাম।

এসময় এক হোটেল ব্যবসায়ীকে নোংরা পরিবেশে খাবার না রাখার হুশিয়ারী দেয়া হয়েছে। একই সাথে উক্ত বাজারের সকল চায়ের দোকানে টিভি না রাখা এবং জন জমায়েত সৃষ্টি না করার নিদের্শ দেওয়া হয়েছে। এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধি হলে প্রশাসনকে জানানোর জন্য বলা হয়েছে।

এমন অভিযোগ পেলে তাৎক্ষনিক ব্যাবস্থা নেয়ার কথা জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

দৌলতপুরে জনসচেতনতায় হাত ধোয়ার ব্যবস্থা করলেন সজিব দেওয়ান

করোনা ভাইরাস প্রতিরোধে দৌলতপুর উপজেলার বিভিন্ন এলাকায় জনসচেতনতা ও টিউবয়েলের সাথে হাত ধোয়ার সাবানদানীতে (সাবান রাখার পাত্র) করে সাবান প্রদান করা হয়েছে।

বাংলাদেশ মানবাধিকার কল্যান ট্রাষ্ট দৌলতপুর উপজেলা শাখার পক্ষ হতে এ মানবতার জন্য ব্যাতিক্রম কাজ করেন সংগঠনের উপজেলা শাখার সভাপতি সজীব দেওয়ান।

রবিবার দিনব্যাপী উপজেলার বিভিন্ন স্থানে লিফলেট ও এসব সাবানসহ সাবানদানী ঝুলিয়ে রাখেন। এসময় করোনা প্রতিরোধে সকলকে সতর্ক থাকার আহবান জানান।

সজীব দেওয়ান জানান, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাস থেকে বাঁচতে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে বেশি বেশি হাত ধোঁয়ার

নির্দেশনা রয়েছে। তাই আমি আমার সংগঠনের উদ্যোগে শতাধিক টিউবয়েলের সাথে এই সাবান দেওয়ার ব্যবস্থা করেছি। বিশ্ব জুড়ে করোনাভাইরাসের বিস্তার ও এর প্রভাবে বাংলাদেশও এখন স্বাস্থ্যঝুঁকিতে পড়েছে। সকলে সচেতন হলে এই রোগ প্রতিরোধ করা সম্ভব বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় পরিবেশবান্ধব পার্চিং পদ্ধতিতে সফলতা

কুষ্টিয়ায় পরিবেশবান্ধব পার্চিং পদ্ধতিতে সফলতা এসেছে। জেলার ছয়টি উপজেলার কৃষকরা এ বছর বোরো মৌসুমে ধানক্ষেতে পোকা দমনে কীটনাশকের পরিবর্তে পার্চিং পদ্ধতি ব্যবহার জনপ্রিয় হয়ে উঠেছে। এসব উপজেলার কৃষকরা তাদের বোরো মৌসুমে রোপণকৃত ফসলের ক্ষেতে গাছের ডাল পুঁতে দিচ্ছেন।

গাছের ডালে বিভিন্ন ধরনের পাখি বসে ক্ষতিকর পোকা খেয়ে ফেলছে এবং ওইসব পাখি পার্চিংয়ে বসে ক্ষণিক সময়ের জন্য বিশ্রামও নিচ্ছে। এভাবে কীটনাশক ছাড়াই পোকার আক্রমণ থেকে ধান গাছ রক্ষা পাচ্ছে বলে জানান উপজেলা কৃষি বিভাগ।
কৃষি অফিসগুলো বিভিন্ন এলাকায় কৃষকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পার্চিংয়ের আয়োজন করেছে। এর ফলে কৃষকরা একদিকে আর্থিকভাবে লাভবান হচ্ছে, অন্যদিকে পরিশ্রমও কমে যাচ্ছে।

রোববার সকালে বলিদাপাড়া ব্লকের মশান গ্রামের কৃষক সাবান আলীর জমিতে গিয়ে দেখা যায়, সম্প্রতি রোপণ করা ধান ক্ষেতে গাছের ডাল পুঁতে দেওয়া হচ্ছে। ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তা মাহিরুল ইসলামের পরামর্শে এই ডাল পুঁতে দিচ্ছেন তিনি।

মিরপুর উপজেলার মশান গ্রামের কৃষক আবুল কালাম জানান, জমিতে পার্চিং করা বা ডাল পালা, বাঁশের কঞ্চি পুঁতে দেয়ার পদ্ধতিটি খুবই সহজ। এর তেমন কোনো খরচও নেই। পাখি ডালে বসে মাজরা পোঁকার মথ, পাতা মোড়ানো পোঁকা মথ ও ফড়িং জাতীয় পোঁকাগুলো সহজেই ধরে খেতে পারে। এতে পোঁকা আর বংশ বিস্তার করতে পারে না।

মিরপুর উপজেলার উপসহকারী কৃষি অফিসার নিহারুল ইসলাম জানান, মাটি, ফসল ও মানবদেহের জন্য ক্ষতিকর কীটনাশকের পরিবর্তে ক্ষেতে পার্চিং পদ্ধতি ব্যবহারে কৃষকরা এখন বেশি সচেতন।

আরেক উপসহকারী কৃষি অফিসার মাহিরুল ইসলাম বলেন, পার্চিং পদ্ধতি হচ্ছে পাখির মাধ্যমে ফসলের পোকা দমনের উত্তম ব্যবস্থা। তিনি বলেন, আমার ব্লকের অন্তত ৩০ জন কৃষকের মাঝে এই পার্চিংয়ের ব্যবস্থা নিশ্চিত করেছি।

মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, পার্চিং পদ্ধতি ব্যবহারের জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তারা এলাকার বিভিন্ন স্থানে গিয়ে ধারাবাহিকভাবে কৃষকদের সঙ্গে মতবিনিময় করে এর উপকারিতা সম্পর্কে উদ্বুদ্ধ করছে। পাশাপাশি ধান ক্ষেতের পোকা দমনের জন্য পার্চিং ব্যবহার পদ্ধতি ইতোমধ্যে ব্যাপক সাড়া ফেলেছে।

মুজিবনগরে খানা বন্ধ, ব্যাসায়ীদের জরিমানা

মুজিবনগরে বিভিন্ন জায়গায় ১দিনের ব্যাবধানে আবারো অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত।

উপজেলা প্রশাসনের আয়োজনে রবিবার বিকাল থেকে সন্ধা প্রর্যন্ত দ্রব্যমূল্যের ঊর্ধগতি নিয়ন্ত্রণে মহাজনপুর ও মোনাখালী ইউনিয়নের বিভিন্ন দোকানে এ অভিযান পরিচালিত হয় ও নোভেল করোনা ভাইরাস বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় চাউলের দাম বেশী নেওয়া ও মূল্য তালিকা না রাখার দায়ে মহাজনপুর তাপস স্টোর মালিকের কাছে ৪ হাজার টাকা, মোনাখালী ইউনিয়নের গোপালনগর গ্রামের সাকিব স্টোরে ২ হাজার টাকা ও নজরুল ইসলাম স্টোরে ১ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শিবপুর গ্রামে জনসমাবেশের আয়োজন করে করোনা খানার আয়োজন

করায় দুই জন খানা আয়োজক এর কাছ থেকে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ চলাকালীন সময়ে চায়ের দোকানে থাকা টেলিভিশন, ক্যারমাবোর্ড সরিয়ে দেওয়া হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনি। তিনি সকল ব্যবসায়ীকে দোকানে মূল্য তালিকা প্রদর্শনের নির্দেশ দিয়েছেন।

এ অভিযান চলমান থাকবে, যদি কোন ব্যবসায়ী করোনা ভাইরাসের সুযোগে অসৎ পন্থায় লাভবান হওয়ার উদ্দেশ্যে দ্রব্যের কৃত্রিম সংকট তৈরী বা দ্রব্যমূল্য বৃদ্ধি করে তার বিরুদ্ধে আইনগত কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে আরও ৬৯ জন হোম কোয়ারেন্টাইনে, পশু হাট বন্ধ

ঝিনাইদহে নতুন করে আরও ৬৯ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। এদের মধ্যে বিদেশফেরত রয়েছে ৬৬ জন। এ নিয়ে জেলায় মোট কোয়ারেন্টাইনে রাখা হলো ৫৫৩ জনকে। অন্য দিকে হোম কোয়ারেন্টাইনের মেয়াদ শেষ হওয়ায় স্বাভাবিকভাবে চলাচল করতে বলা হয়েছে ২১৮ জনকে।
করোনা ভাইরাস প্রতিরোধে এরই মধ্যে জেলার ২৭টি পশু হাট বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন। পাশাপাশি চায়ের দোকান থেকে শুরু করে সকল দোকান-পাট থেকে টেলিভিশন অপসারণসহ গান-বাজনা বন্ধ রাখার নির্দেশনা দিয়ে মাইকিং করা হয়েছে।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক ও করোনা প্রতিরোধ কমিটির সভাপতি সরোজ কুমার নাথ জানান, সকল জনসমাগম নিষিদ্ধ করা হয়েছে। এ কারণেই আমরা চায়ের দোকানে টেলিভিশন অপসারণ, গান-বাজনা বাজানো বন্ধ ঘোষণা করা হয়েছে।
তিনি আরও জানান, ২১ মাচ শনিবার দিবাগত রাতে ভ্রাম্যমাণ আদালতের

মাধ্যমে বিভিন্ন দোকান থেকে বেশ কিছু টেলিভিশন অপসারণ করে মালিকদের সতর্ক করা হয়েছে, যেন দোকানে কোনো জন-সমাগম না হয়। এছাড়া পশু হাট বন্ধ করে মাইকিং করা হয়েছে।

মেহেরপুরে দিনভর অভিযান – ৩ ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ রাখতে দিন ভর অভিযান চালিয়েছে প্রশাসন।

রবিবার সকাল থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন বাজারে সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন এর নেতৃত্বে অভিযান চালানো হয়।

এসময় মূল্য বেশি নেওয়ার অভিযোগে ৩ ব্যবসায়ীর নিকট থেকে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মেহেরপুর বড়বাজার এলাকায় বাজার মনিটরিং করার সময় চাউল ও পেঁয়াজের মূল্য বেশি রাখায় ভোক্তা অধিকার আইনের ৪০ ধারায় চাউল ব্যবসায়ী বড় বাজারের আবদুস সাত্তারের ছেলে হাফিজুল এর কাছ থেকে ১০ হাজার টাকা এবং পেঁয়াজের বেশি দামে বিক্রি করায় ফকির মোহাম্মদের ছেলে রকিবুলের কাছ থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

সেখান থেকে ফিরে মেহেরপুর হোটেল বাজারে অভিযান চালানো হয়। সেখানে কোন ব্যবসয়ীকে জরিমানা করা না হলেও সতর্ক করা হয় সবাইকে। সেই সাথে প্রতিটি পণ্যের মূল্য তালিকা টাঙানোর নির্দেশ দেন সহকারী কমিশনার মাইনউদ্দিন।

পরে আমঝুপি বাজারে অভিযান চালানো হয়। আমঝুপি বাজারের চাল ব্যবসায়ী আমজাদ হোসেন কে বেশি দামে চাল বিক্রি করায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
সেই সাথে ব্যবসায়ীদের সতর্ক করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, হোটেল

বাজার ব্যাবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, জেলা বাজার মনিটরিং কর্মকর্তা রতন কুমার রায়।

মেপ্র/এমএফআর

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা ও বাজার মনিটরিংয়ে গাংনী উপজেলা চেয়ারম্যান

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা ও ভোগ্য পণ্যের বাজার পরিস্থিতি মনিটরিং করেছে মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

গতকাল শনিবার বিকাল ৫ টায় গাংনী বাজারের বিভিন্ন স্থানে লিফলেট ও চা দোকানিদের মাঝে লবন বিতরণ করেন। এসময় করোনা প্রতিরোধে সকলকে সতর্ক থাকার আহবান জানান।

এসময় পৌর মেয়র আশরাফুল ইসলাম, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, শহর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সম্পাদক আনারুল ইসলাম বাবু, পৌর কাউন্সিলর মিজানুর রহমান, ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, আসিফ ইকবাল অনিক উপস্থিত ছিলেন।